গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সেনবাগ, নোয়াখালী
www.senbug.noakhali.gov.bd

স্মারক নং০০.৪২.৭৫৮০.০০০.৪৭.০০১.২৪-

তারিখ : ৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ

## হাট/বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগের সরকারি হাট/বাজার ইজারা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা মোতাবেক এতদ্বারা জানানো যাচ্ছে যে, সেনবাগ উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্যাদি ও সিডিউলে উল্লিখিত শর্তাবলী মোতাবেক ইজারা গ্রহণেচ্ছুক ব্যক্তি/ইজারাদারের নিকট থেকে সীলগালাকৃত খামে নির্ধারিত তারিখ অনুযায়ী দরপত্র আহবান করা যাচ্ছে।

২। দরপত্র দাতাকে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সেনবাগ, নোয়াখালী এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ, ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিজ খরচে নিয়মিত হাট-বাজার পরিষ্কার না করলে / অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত ৫% জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট বাবদ অর্থ জমার মূল চালান অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। প্রথম পর্যায়ে নির্ধারিত তারিখ ও সময় পর্যন্ত দরপত্র পাওয়া না গেলে পরবর্তী নিম্নবর্ণিত তারিখসমূহে পর্যায়ক্রমে সিডিউল বিক্রয় ও দরপত্র গ্রহণ করা হবে। আগ্রহী ব্যক্তিগণ অফিস চলাকালে এতদসংক্রান্ত যে কোন তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করে জানতে পারবেন।

৬। গৃহীত দরের সমুদয় অর্থ পরিশোধের পর কর্তৃপক্ষের সাথে ৩০০/-(তিনশত) টাকার মূল্যমানের নন-জুডিসিয়াল স্টাম্পে চুক্তিনামা সম্পাদনের পর অনুমোদিত ইজারা গ্রহীতা বরাবর হাট-বাজার এর দখল হস্তান্তর করা হবে।

**৭। দরপত্র/ সিডিউল বিক্রয়/ গ্রহণের তারিখ ও সময়সূচি নিম্নরূপ :**

| দরপত্র/ সিডিউল বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বিক্রয়ের স্থান | দরপত্র দাখিলের স্থান |
|---|---|---|---|
| ১ম পর্যায়: ১৩-০২-২০২৪ খ্রিঃ হতে ২৫-০২-২০২৪খ্রি. ৪.০০ ঘটিকা পর্যন্ত | ২৭-০২-২০২৪ খ্রিঃ বেলা ০১.০০ ঘটিকায় | জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) নোয়াখালী; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সেনবাগ; সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সেনবাগ, সোনালী ব্যাংক, সেনবাগ শাখা এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, সেনবাগ থানা । | জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), নোয়াখালী ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সেনবাগ। |
| ২য় পর্যায়: ২৮-০২-২০২৪ খ্রিঃ হতে ০৬-০৩-২০২৪খ্রি. ৪.০০ ঘটিকা পর্যন্ত | ০৭-০৩-২০২৪ খ্রিঃ বেলা ১.০০ ঘটিকায় | | |
| ৩য় পর্যায়: ১০-০৩-২০২৪ খ্রিঃ হতে ১৮-০৩-২০২৪খ্রি. ৪.০০ ঘটিকা পর্যন্ত | ১৯-০৩-২০২৪ খ্রিঃ বেলা ১.০০ ঘটিকায় | | |

## হাট/বাজারের ইজারা বিবরণ :

| ক্রমিক | বাজারের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩১ সনের সরকারি ইজারা মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ছাতারপাইয়া বাজার | ১নং ছাতারপাইয়া ইউনিয়ন | ৭,৬৮,৬৯৮/- | ২২০০/- |
| ০২ | বিরাহিমপুর বাজার | ঐ | ১,১৮,৭৯১/- | ১০০০/- |
| ০৩ | বসন্তপুর বাজার | ঐ | ৬৩৬০/- | ৫০০/- |
| ০৪ | তেমুহনী বাজার | ঐ | ১৩০৭৪/- | ৫০০/- |
| ০৫ | লেমুয়া বাজার | ঐ | ৩০১/- | ৫০০/- |
| ০৬ | কানকিরহাট বাজার | ২নং কেশারপাড় ইউনিয়ন | ২৬,৯৩,২২৫/- | ৬,০০০/- |
| ০৭ | খাজুরিয়া বাজার | ঐ | ৪৩৪/- | ৫০০/- |
| ০৮ | কেশারপাড় বাজার | ঐ | ২৫৪৪/- | ৫০০/- |

CamScanner

| ক্রমিক | বাজারের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩১ সনের সরকারি ইজারা মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০৯ | গাজীর হাট বাজার | ৩নং ডমুরিয়া ইউনিয়ন | ৪০,১০৪/- | ৫০০/- |
| ১০ | সাতবাড়িয়া ফকিরেরহাট | ঐ | ৫১,৭৭৯/- | ৫০০/- |
| ১১ | অশ্বদিয়া বাজার | ঐ | ৬৭০/- | ৫০০/- |
| ১২ | মতিমিয়ার হাট | ৪নং কাদরা ইউনিয়ন | ১০২৪৭/- | ৫০০/- |
| ১৩ | ছিলোনিয়া বাজার | ৫নং অর্জুনতলা ইউনিয়ন | ১৫,৬০২/- | ৫০০/- |
| ১৪ | দরবেশের হাট | ঐ | ৯১৯/- | ৫০০/- |
| ১৫ | ছমিরমুন্সির হাট | ৬নং কাবিলপুর ইউনিয়ন | ২,৮৭,৯০০/- | ১২০০/- |
| ১৬ | কল্যান্দি বাজার | ঐ | ৯৮৩/- | ৫০০/- |
| ১৭ | দিলদার বাজার | ঐ | ৬,৬৬১/- | ৫০০/- |
| ১৮ | সেবারহাট | ৭নং মোহাম্মদপুর ইউনিয়ন | ৪২,৫৪,১৩৪/- | ৯২০০/- |
| ১৯ | সাহাজির হাট | ঐ | ১৫১১/- | ৫০০/- |
| ২০ | ফকিরের হাট | ৮নং বীজবাগ ইউনিয়ন | ৪২০৮৮/- | ৫০০/- |
| ২১ | বক্সির হাট | ঐ | ২,৪০,২৬৭/- | ১২০০/- |
| ২২ | খলিল মিয়ার হাট | ঐ | ১,১৮,৮৬২/- | ১২০০/- |
| ২৩ | দুলামিয়া চৌকিদার হাট | ঐ | ১১,২০১/- | ৫০০/- |
| ২৪ | মজুমদার হাট | ঐ | ১২৯৭/- | ৫০০/- |
| ২৫ | কুতুবের হাট | ৯নং নবীপুর ইউনিয়ন | ৫,২০,৮৮৪/- | ১৮০০/- |
| ২৬ | ছন্দের হাট | ঐ | ১৮,১৯৭/- | ৫০০/- |
| ২৭ | শান্তির হাট | ঐ | ৮,১২৭/- | ৫০০/- |
| ২৮ | নবীপুর বাজার | ঐ | ৪১,৯৪১/- | ৫০০/- |

০৪। প্রাপ্ত দরপত্রসমূহ দাখিলের দিনেই বেলা ৩.০০ টায় সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষ/ উপজেলা নির্বাহী অফিসার কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/ বাতিল, সংশোধনসহ এতদ্‌সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

জিসান বিন মাজেদ
উপজেলা নির্বাহী অফিসার
সেনবাগ, নোয়াখালী
ফোন ০২৩৩৪৪৯৪৮০১
E-mail.unosenbug@mopa.gov.bd

স্মারক নং০০.৪২.৭৫৮০.০০০.৪৭.০০১.২৪- ৭৮

তারিখঃ ৬ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা
০২। জেলা প্রশাসক, নোয়াখালী
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার , জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
০৪। চেয়ারম্যান, সেনবাগ উপজেলা পরিষদ, সেনবাগ, নোয়াখালী
০৫। সহকারী কমিশনার (ভূমি), সেনবাগ, নোয়াখালী
০৬। অফিসার ইনচার্জ, সেনবাগ থানা, সেনবাগ, নোয়াখালী
০৭। সহকারি প্রোগ্রামার, সেনবাগ (ওয়েব পোর্টালে প্রচারের ব্যবস্থা করবেন)
০৮। ম্যানেজার, সোনালী ব্যাংক সেনবাগ শাখা, সেনবাগ, নোয়াখালী , (ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো)
০৯। চেয়ারম্যান,---------------------- ইউনিয়ন পরিষদ,(সকল) সেনবাগ, নোয়াখালী
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,---------------------------- ইউনিয়ন ভূমি অফিস (সকল), সেনবাগ, নোয়াখালী
১১। সভাপতি/সম্পাদক,--------------------------- বাজার কমিটি (সকল), সেনবাগ, নোয়াখালী
১২। সম্পাদক, -------------------------------------। বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে (১০ ইঞ্চি x ৬ ইঞ্চি) পরিমাপে তৃতীয়/চতুর্থ পাতায় ছাপানোর জন্য অনুরোধ করা হলো।
১৩। নোটিশ বোর্ড।

০৬/০২/২৪
উপজেলা নির্বাহী অফিসার
সেনবাগ, নোয়াখালী

CamScanner